



বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়  
VIDYASAGAR UNIVERSITY  
Question Paper

**B.A. General Examinations 2022**  
(Under CBCS Pattern)  
**Semester - II**  
**Subject : BENGALI**  
**Paper : DSC 1B/2B - T**

**Full Marks : 60**

**Time : 3 Hours**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.  
The figures in the margin indicate full marks.*

[ কাব্য-কবিতা ]

বিভাগ - ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- ১। ‘রূপ লাগি আঁখি বুঝে গুণে মন ভোর।’—এটি কার লেখা কোন্ পর্যায়ের, তা উল্লেখ করো। ১+১
- ২। ‘আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ।’—এটি কার লেখা কোন্ পর্যায়ের, তা উল্লেখ করো। ১+১
- ৩। ‘ওহে প্রাণনাথ গিরিবর হে,’—এটি কার লেখা কোন্ পর্যায়ের, তা উল্লেখ করো। ১+১
- ৪। ‘কি হলো নবমী নিশি’—কার লেখা কোন্ পর্যায়ের পদ? ১+১

P.T.O.

- ৫। ‘অন্যায় সমরে মুচ নাশিল বালকে।’—‘বীরাঙ্গনা’ কাব্যের কোন্ পত্রের অংশ? এখানে মুচ বলতে কাকে বোঝানো হয়েছে? ১+১
- ৬। ‘পড়িও নৃমণি,/পড়িও এ লিপিখানি এ মিনতি পদে!’—এটি ‘বীরাঙ্গনা’ কাব্যের কোন্ পত্রের অংশ? এখানে নৃমণি বলতে কাকে বোঝানো হয়েছে? ১+১
- ৭। ‘আমারে ফুটিতে হ’লো বসন্তের অস্তিম নিঃশ্বাসে।’—কার লেখা, কোন্ কবিতার অংশ এটি? ‘আমারে’ বলতে কাকে বোঝানো হয়েছে? ১+১
- ৮। ‘নতুন চাঁদের বাঁকা ফালিটি/তুমি বুঝি খুব ভালোবাসতে?’—কার লেখা কোন্ কবিতার অংশ এটি? এখানে চাঁদের বাঁকা ফালিকে কার সঙ্গে তুলনা করা হয়েছে? ১+১

### বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

- ৯। ‘কন্টক গাড়ি কমল সম পদতল।’—কার লেখা কোন্ পর্যায়ের পদ এটি? কোন্ প্রসঙ্গে এ কথা বলা হয়েছে, তা আলোচনা করো। ২+৩
- ১০। ‘এ সখি হামারি দুখের নাহি ওর।’—কার দুঃখের কথা বলা হয়েছে? তার দুঃখের সীমা নেই কেন? ২+৩
- ১১। ‘ওরে নবমী নিশি’—কার লেখা কোন্ পর্যায়ের পদ? পদটিতে বক্তার অন্তরের যে বেদনা প্রকাশিত হয়েছে, তার পরিচয় দাও। ২+৩
- ১২। ‘বারে বারে কহ রাণি গৌরী আনিবারে।’—কার লেখা কোন্ পর্যায়ের পদ এটি? কে কোন্ প্রসঙ্গে এই কথা বলেছেন? ২+৩
- ১৩। ‘চির-অভাগিনী আমি! জনক জননী/ত্যজিলা শৈশবে মোরে;’—বীরাঙ্গনা কাব্যের কোন্ পত্রের অংশ এটি? বক্তার এরূপ মন্তব্যের কারণ উল্লেখ করো। ২+৩
- ১৪। ‘সে ভুলে ভুলুক, কোটি মন্বন্তরে/আমি ভুলিব না, আমি কভু ভুলিব না।।’—কার লেখা কোন্ কবিতার অংশ এটি? কবিতাংশটির অর্থ বিশ্লেষণ করো। ২+৩

বিভাগ - গ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

- ১৫। পূর্বরাগ কাকে বলে? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমার পাঠ্য একটি পূর্বরাগ পর্যায়ের পদের কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ২+১+৭
- ১৬। আগমনী ও বিজয়া পর্যায়ের পদে মাতৃহৃদয়ের যে বেদনার্ত চিত্র ফুটে উঠেছে, তা পাঠ্য পদ অবলম্বনে আলোচনা করো। ১০
- ১৭। 'নীলধ্বজের প্রতি জনা' পত্রের জনা চরিত্রটি পর্যালোচনা করো। ১০
- ১৮। 'আত্মবিলাপ' কবিতাটি অনুতাপে দগ্ধ কবি-হৃদয়ের দীর্ঘশ্বাস।—মন্তব্যটি পর্যালোচনা করো। ১০
- ১৯। 'সোনার তরী' কবিতায় রূপকের আড়ালে যে গভীর জীবনদর্শন প্রকাশিত হয়েছে, তা বিশ্লেষণ করো। ১০